


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৪৫.২২-২১৬২

তারিখঃ ১০/১০/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি শাখারিয়া পল্লী উন্নয়ন মহিলা সমিতির দায়িত্ব পালনকালীন সুফলভোগী সদস্য শ্রীমতি অঞ্জলী দাসী কর্তৃক পরিশোধকৃত ১৫,০০০.০০ (পনর হাজার) টাকা সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান না করে হস্তমজুদ/আত্মসাৎ করেছেন। এছাড়া সুফলভোগী সদস্যদের কাছ থেকে নিয়মিতভাবে/কিস্তিতে অর্থ আদায় না করে মেয়াদান্তে আদায় করে থাকেন বিধায় সুফলভোগী সদস্যরা এককালীন বিপুল পরিমাণ অর্থ সেবামূল্যসহ ঋণ পরিশোধে অক্ষম থাকেন। সে সুযোগে আপনি নিজে অন্য সমিতির আদায়কৃত অর্থ দ্বারা সদস্যদের ৫-১০% সুদে ঋণ প্রদান করে ঋণ পরিশোধের ব্যবস্থা করেন এবং পুনরায় ঋণ বিতরণ করে সুদ বাবদ অর্থ আদায় করে লাভবান হয়ে থাকেন; যা ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এমতাবস্থায়, আপনার অপরাধের ধরণ, প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ২০/১০/২২ খ্রিঃ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

জনাব আবিদা সুলতানা
মাঠ সংগঠক, ইরেসপো
জীবননগর, চুয়াডাঙ্গা

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।